তারিখ 01 APR 2016
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক
ইত্তেফাক

একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

শাখা-১৭

নং-৩৭.০০.০০০০.০৭৮.০২.০০৮.১৩-১৬৮ তারিখঃ ২০ ফাল্গুন ১৪২২, ০৩ মার্চ ২০১৬

# বিজ্ঞপ্তি

বিষয়ঃ **শিক্ষাখাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসূচির অধীনে ২০১৫-২০১৬ অর্থবছরে গবেষণা প্রস্তাব আহ্বান।**

উচ্চতর গবেষণা পৃষ্ঠপোষকতার মাধ্যমে উন্নত প্রযুক্তির আহরণ, উদ্ভাবন এবং প্রয়োগের বিস্তৃতি সাধন এবং তা ফলপ্রসূভাবে কাজে লাগিয়ে সর্বাধুনিক প্রযুক্তির ব্যবহার, অনুশীলন ও প্রায়োগিক দক্ষতাসম্পন্ন প্রয়োজনীয়সংখ্যক বিজ্ঞানী, প্রযুক্তিবিদ এবং সমাজবিজ্ঞানী গড়ে তোলার লক্ষ্যে নিম্নবর্ণিত গবেষণার ক্ষেত্রসমূহে শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েব-সাইটে সংরক্ষিত নির্ধারিত ফরমে গবেষণা প্রস্তাব সম্বলিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

- ☐ গাণিতিক বিজ্ঞান (Mathematical Sciences)
- ☐ জীবন সম্পর্কিত বিজ্ঞান (Life Sciences)
- ☐ ভৌত বিজ্ঞান (Physical Sciences)
- ☐ সামাজিক বিজ্ঞান (Social Sciences)

২। বাংলাদেশের সকল পাবলিক ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয় আওতাভুক্ত স্নাতকোত্তর কলেজসমূহ, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ এবং পাবলিক চিকিৎসা বিশ্ববিদ্যালয় ও প্রকৌশল বিশ্ববিদ্যালয়সমূহের বিভিন্ন বিভাগে কর্মরত শিক্ষক/গবেষক উচ্চতর গবেষণা সহায়তার জন্য আবেদন করতে পারবেন। আবেদন ফরমে নির্ধারিত স্থানে মুখ্য গবেষকের টেলিফোন নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল, ফ্যাক্স নম্বর (যদি থাকে) তা আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।

৩। **গবেষণা সহায়তা প্রাপ্তির শর্তসমূহঃ**

(ক) আবেদনকারীকে প্রাথমিক পর্যায়ে PCN (Project concept note) দাখিল করতে হবে;
(খ) মানসম্পন্ন দেশি, বিদেশি জার্নালে প্রকাশনা এবং গবেষণায় অভিজ্ঞতাসম্পন্ন আবেদনকারীদের অগ্রাধিকার দেয়া হবে;
(গ) আবেদনকারী গবেষক টীম/গবেষক যাঁর আন্তর্জাতিক/জাতীয় পর্যায়ে সেমিনার/সিম্পোজিয়াম/ওয়ার্কশপে প্রবন্ধ উপস্থাপন বা অংশগ্রহণের অভিজ্ঞতা রয়েছে এমন আবেদনকারী প্রাধান্য পাবেন;
(ঘ) ন্যূনতম গবেষণা অবকাঠামো, চলমান গবেষণা সংখ্যা, গবেষণা প্রকাশনা এবং গবেষণা কর্মকাণ্ডের বৈদেশিক সংযোগমান সন্তোষজনক প্রতীয়মান হতে হবে;
(ঙ) গবেষণার বিষয়বস্তু দেশে প্রয়োগ উপযোগী ও বর্তমান যুগের প্রেক্ষাপটে জাতীয় চাহিদার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে;
(চ) গবেষণার বিষয়ে ইতোমধ্যে সাফল্য/নির্ভরযোগ্যতা/আশাব্যঞ্জক বুৎপত্তি (Achievement) অর্জন করেছেন এমন আবেদনকারীকে অগ্রাধিকার দেয়া হবে;
(ছ) আবেদনকারীকে তিনজন বিশেষজ্ঞের নাম (রেফারী হিসেবে) উল্লেখ করতে হবে।

৪। **সচিব, শিক্ষা মন্ত্রণালয় বরাবর লিখিত আবেদনপত্র আগামী ১৫ মে ২০১৬ তারিখের মধ্যে আবশ্যিকভাবে PCN (Project concept note) ফরম পূরণ করে অনলাইনে www.banbeis.gov.bd/gare** এবং দুই প্রস্থ **হার্ডকপি শিক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ১নং সোনারগাঁও রোড, পলাশী, নীলক্ষেত, ঢাকা-১২০৫-এ পৌঁছানো নিশ্চিত করতে হবে।** নির্ধারিত ফরম ছাড়া এবং নির্ধারিত সময়ের পর ও অসম্পূর্ণ কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। আবেদনকারীকে গবেষণা প্রস্তাবের বিষয়বস্তুর গুরুত্ব, সাফল্য-সম্ভাবনা, গবেষণার আবশ্যকীয় বিষয়াদি ও গবেষণা খাতে ব্যয়ের যৌক্তিকতা পাওয়ার পয়েন্টের মাধ্যমে প্রাথমিক বাছাই/জাতীয় স্টিয়ারিং কমিটির সম্মুখে প্রয়োজনে যথাসময়ে উপস্থাপন করতে হবে।

৫। গবেষণা সহায়তা কর্মসূচির যাবতীয় তথ্য সম্বলিত নীতিমালা ও PCN (Project concept note) ফরম www.banbeis.gov.bd/gare ওয়েব সাইট হতে সংগ্রহ করা যাবে।

০৬। **উল্লেখ্য যে, পরবর্তী বছর হতে এ বিষয়ে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করা হবে না। গবেষকগণ সারা বছর ধরে Online**-এ আবেদন করতে পারবেন।

০৩.০৩.১৬

(জিন্নাত রেহানা)
উপ-সচিব (বিশ্ব: ১)
ফোনঃ ৯৫৪৯১৭৬

স-৯৪১ (৯×৩)